# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/নেত্রকোণা-৩২/৩৫ তারিখ: ১৫ মাঘ, ১৪৩২ / ২৯ জানুয়ারী, ২০২৬

বিষয় : অভিযোগের বিষয়ে স্ব-স্ব দাবীর পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্রসহ বোর্ডে উপস্থিত হওয়া প্রসঙ্গে

সূত্র : ১। বোর্ডে ই-ফাইলে নং ২৩৩২৫১১৩৮২০১ আইডির আবেদন;
২। স্মারক নং ০৫.৪৫.৮৯৭০.০০১.০১.০২১.২৫-৮৬০(১) তারিখ: ৩০.১১.২০২৫খ্রি.;
৩। বোর্ডে ই-ফাইলে নং ২৩৩২৫১১৩৮২০২ আইডির আবেদন;
৩। বোর্ডে ই-ফাইলে নং ২৩৩২৫১১৩৮২০৩ আইডির আবেদন;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলাধীন সূর্যনগর গাগলাজানি দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি জাল-জালিয়াতির মাধ্যমে গঠন করা হয়েছে মর্মে জনাব মোঃ জহুরুল ইসলাম কর্তৃক সূত্রোক্ত ১নং স্মারকে অভিযোগ দাখিল করা হয়। অভিযোগের আলোকে অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, নালিতাবাড়ী, শেরপুর-কে পত্র দেয়া হয়। পত্রের আলোকে উপজেলা নির্বাহী অফিসার, নালিতাবাড়ী, শেরপুর কর্তৃক সূত্রোক্ত ২নং স্মারকে তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। তদন্তকারী কর্মকর্তা সার্বিক মতামতে উল্লেখ করেছেন "যেহেতু নবগঠিত ম্যানেজিং কমিটি একপাক্ষিক কমিটির মতো হয়েছে, অভিভাবক শ্রেণীর ভোটারদের (একাংশের) অবহিতকরণ সম্পূর্ণ স্বচ্ছ ছিল না এবং কমিটি নিয়ে বিশৃঙ্খল পরিবেশসহ দ্বন্দ্বের সৃষ্টি হয়েছে সেহেতু সকল ভোটারের অংশগ্রহণ নিশ্চিত এবং স্থানীয় দ্বন্দ্ব নিরসন করে নতুন কমিটি গঠন করা যেতে পারে।" উক্ত তদন্ত প্রতিবেদন পক্ষপাতমূলক উল্লেখ করে মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার উচ্চতর তদন্তের জন্য সূত্রোক্ত ৩নং স্মারকে আবেদন করা হয়েছে। অপরদিকে, মাদ্রাসার ভারপ্রাপ্ত বিভিন্ন অর্থ আত্মসাৎ করছেন ও জাল-জালিয়াতির মাধ্যমে কমিটি গঠন করায় কমিটির কার্যক্রম স্থগিত করে উচ্চতর তদন্তের জন্য সূত্রোক্ত ৪নং স্মারকে অভিযোগ দাখিল করা হয়েছে।

বর্ণিত অবস্থায় সৃষ্ট জটিলতা নিরসনকল্পে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে উভয় পক্ষের শুনানী গ্রহণ করার জন্য আগামী ০৮.০২.২০২৬ ইং রোজ রবিবার সকাল: ১১:০০ ঘটিকায় উপস্থিত হয়ে শুনানীতে অংশ গ্রহণ পূর্বক অভিযোগের বিষয়ে স্ব-স্ব দাবির পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৭.১.২৬

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

২৯.০১.২৬

১। জনাব মোঃ জহুরুল ইসলাম(অভিযোগকারী),
গ্রাম:সূর্য্য নগর, পো: পাঁচগাঁও, নালিতাবাড়ী, শেরপুর;
২। সুপার/ভারপ্রাপ্ত সুপার/সভাপতি/সদস্যবৃন্দ(নির্বাচিত কমিটি),
সূর্যনগর গাগলাজানি দাখিল মাদ্রাসা, পো: পাঁচগাঁও, নালিতাবাড়ী, শেরপুর।

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/নেত্রকোণা-৩২/৩৫ তারিখ: ১৫ মাঘ, ১৪৩২ / ২৯ জানুয়ারী, ২০২৬

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. জেলা প্রশাসক, শেরপুর;
২. উপজেলা নির্বাহী অফিসার, নালিতাবাড়ী, শেরপুর;
৩. জেলা শিক্ষা অফিসার, শেরপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নালিতাবাড়ী, শেরপুর;
৫. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

২৯/১/২৬

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

D:\Admin - Committee\Belayet\Hearing.docx

২৯.০১.২৬